গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## প্রধান, সরেজমিন গবেষণা বিভাগ, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট

## এবং

## gnvcwiPvjK, evsjv‡`k mylwiµc M‡elYv Bbw÷wUDU Gi g‡a¨ ¯vÿwiZ

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

**১ জুলাই, ২০২০ – ৩০ জুন, ২০২১**

# সূচীপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩ |
| ২ | উপক্রমণিকা | ৪ |
| ৩ | সেকশন-১: রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ, কার্যাবলি | ৫ |
| ৪ | সেকশন-২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ৬ |
| ৫ | সেকশন-৩: কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৭ |
| ৬ | সংযোজনী-১: শব্দসংক্ষেপ | ১১ |
| ৭ | সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ | ১২ |
| ৮ | সংযোজনী-৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১৩ |

# বিএসআরআই এর Kgm¤úv `‡bi mweK wPÎ

(Overview of the Performance of BSRI)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

- **সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

মানবদেহের পরিপূর্ণ শক্তি উৎপাদন ও মস্তিষ্কের বিকাশে চিনি/গুড় তথা সুগারক্রপের উন্নয়ন ও সম্প্রসারণ অত্যাবশ্যকীয়। এ লক্ষ্যে বিগত তিন বছরে বারমাসি তালের জাত বিএসআরআই তাল ১ এবং মিষ্টিফসল স্টেভিয়ার একটি জাত বিএসআরআই স্টেভিয়া ১ নিবন্ধিত হয়েছে। নিপা ভাইরাস মুক্ত খেজুর রস আহরণে নেটিং পদ্ধতি উদ্ভাবন করা হয়েছে। ইক্ষুর উন্নত কৃষিতাত্ত্বিক ব্যবস্থাপনা প্রযুক্তি উদ্ভাবন করা হয়েছে। দেশব্যাপী বিভিন্ন সুগারক্রপের সারের মাত্রা ও ব্যবস্থাপনা পদ্ধতি সুপারিশ ও সময়োপযোগী করা হয়েছে। স্বল্প পরিসরে চিনি তৈরীর জন্য মিনি সেন্ট্রিফিউজ মেশিন উদ্ভাবন করা হয়েছে। এছাড়া ইক্ষু চাষের জন্য বিএসআরআই ডমেস্টিক কেন ক্রাশার, উন্নত ইক্ষু মাড়াই যন্ত্র, জোড়া-সারি ট্রেঞ্চার, পাওয়ার উইডারসহ মোট ৪টি কৃষি যন্ত্রপাতি ও খামার যন্ত্র উদ্ভাবন করা হয়েছে। বায়োলজিক্যাল নাইট্রোজেন ফিক্সিং এ সক্ষম দুইটি ব্যাকটেরিয়া সনাক্ত করা হয়েছে। দেশীয় প্রযুক্তি ব্যবহার করে সুগারবিটের গ্রানুলার গুড় ও বায়োগ্যাস উৎপাদন প্রযুক্তি উদ্ভাবন করা হয়েছে। সুগারবিটের উৎপাদিত গুড় ব্যবহার করে পারিবারিক পর্যায়ে নাড়ু, মোয়া প্রভৃতি তৈরীর মাধ্যমে সুগারবিটের ব্যবহারিক কলা-কৌশল উদ্ভাবন করা হয়েছে। চাষী পর্যায়ে সুগারবিট স্লাইসার যন্ত্রের উন্নয়ন ঘটানো হয়েছে। কৃষকদের মাঝে ৬,০০০ টন রোগমুক্ত পরিচ্ছন্ন আখ বীজ বিতরণ করা হয়েছে।

- **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

কোভিড-১৯ এর অভিঘাতসহ বিভিন্ন আপদকালীন পরিস্থিতি মোকাবেলায় সুগারক্রপের উৎপাদন চলমান রাখা ও টেকসই প্রযুক্তি উদ্ভাবন। বিকল্প চিনিফসল হিসেবে সুগারবিটের চাষাবাদ জোরদারকরণ। সুগারবিটের বহুমাত্রিক ব্যবহারসহ বিপণন ব্যবস্থা গড়ে তোলা। অল্প সময়ে পরিপক্ক হতে সক্ষম আখ জাত উদ্ভাবন। আখ ও অন্যান্য চিনিফসলের চাষাবাদে সহায়ক কৃষি যন্ত্রপাতির উদ্ভাবন ও প্রবর্তন। আখ ভিন্ন স্বল্প সময়ে অধিক লাভজনকভাবে চাষযোগ্য অন্যান্য চিনিফসল যেমন মিষ্টি সরগাম, কাসাভা, যষ্টিমধু, মৌমাছির মধু প্রভৃতি প্রবর্তন এবং বিকল্প চিনিফসল যেমন: তাল, খেজুর, গোলপাতা ও স্টেভিয়ার চাষাবাদ বৃদ্ধিকরণ। টিস্যু কালচারের মাধ্যমে সুগারবিট ও আরবীয় খেজুরের চারা উৎপাদন। খেজুর গাছ হতে সহজে রস আহরণ প্রযুক্তি উদ্ভাবন।

- **ভবিষ্যৎ পরিকল্পনা**

প্রতিকূল এলাকা যেমন: লবণাক্ত, চরাঞ্চল, হাওড়, বরেন্দ্র, পাহাড়ী এবং উপকূলীয় এলাকায় আখ ও অন্যান্য চিনিফসলের চাষাবাদ সম্প্রসারণ। চিনি ও গুড় তৈরীর পাশাপাশি বায়োগ্যাস উৎপাদন, পশু খাদ্য, নাড়ু, মোয়া প্রভৃতি তৈরী ও পারিবারিক ব্যবহারের মাধ্যমে সুগারবিটের ব্যবহার সহজীকরণ। বায়োটেকনোলজিক্যাল প্রযুক্তি ব্যবহার করে ইক্ষুসহ অন্যান্য চিনিফসলসমূহের আধুনিক জাত ও প্রযুক্তি উদ্ভাবন। স্বাস্থ্যসম্মত উপায়ে আখের রস সংরক্ষণ। আখ চাষাবাদ যান্ত্রিকীকরণ। আখ, সুগারবিট, তাল, খেজুর ও গোলপাতার গুড় তৈরী প্যাকেজ প্রোগ্রামের আওতায় এনে কুটির শিল্প হিসেবে প্রতিষ্ঠাকরণ। রস বিক্রেতাদের জন্য স্বাস্থ্যসম্মতভাবে আখের রস আহরণ যন্ত্র উদ্ভাবন ও উপকারভোগীদের মাঝে বিতরণ। সর্বোপরি আধুনিক কলা-কৌশল ব্যবহার করে সুগারক্রপের ফলন বৃদ্ধির মাধ্যমে দেশের চিনি ও গুড়ের চাহিদা পূরণ। মধুর চাহিদা পূরণে সুগারক্রপের সাথে সাথীফসলের মাঠে বক্স স্থাপনের মাধ্যমে মৌমাছি পালন প্রযুক্তি প্রবর্তন। ডায়াবেটিস রোগীদের জন্য ক্যালরী বিহীন স্টেভিয়া টি-ব্যাগ প্রযুক্তি বিস্তার।

**২০২০-২১ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

1) সুগারক্রপ বিষয়ক ০৫টি গবেষণা কর্মসূচী বাস্তবায়ন।

## DcµgwYKv (Preamble)

সরকারী দপ্তরসমূহে প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

প্রধান, সরেজমিন গবেষণা বিভাগ, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট

এবং

মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট এর মধ্যে ২০২০ সালের জুলাই মাসের ২৯ (উনত্রিশ) তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

**এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:**

# সেকশন ১

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি (Functions)

## ১.১ রূপকল্প (Vision):

অধিক মিষ্টিসমৃদ্ধ স্বল্প মেয়াদি সুগারক্রপের জাত ও উৎপাদন প্রযুক্তি উদ্ভাবন।

## ১.২ অভিলক্ষ্য (Mission):

অর্থনৈতিকভাবে সর্বোচ্চ আয় প্রাপ্তির লক্ষ্যে আখ, সুগারবিট, তাল, খেজুর, গোলপাতা, স্টেভিয়া প্রভৃতির উপর কার্যকরী গবেষণা সম্পাদন, প্রদর্শনী স্থাপন এবং সম্প্রসারণ কর্মকান্ডের মাধ্যমে সমতল, চরাঞ্চল এবং বিভিন্ন প্রতিকূল এলাকা যেমন লবণাক্ত এলাকা ও পাহাড়ী এলাকায় বিভিন্ন চিনিফসল চাষ সম্প্রসারণ।

## ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

### ১.৩.১ প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্যসমূহ:

1. বিভিন্ন সুগারক্রপের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি।
2. বীজ ইক্ষুর সহজলভ্যতা ও সরবরাহ বৃদ্ধিকরণ।

### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:

1. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ।
2. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন।
3. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।
4. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ।

## ১.৪ কার্যাবলি (Functions):

1. চিনি, গুড় ও সিরাপ উৎপাদন উপযোগী শর্করা সমৃদ্ধ ফসল বা গাছের উৎপাদন কর্মসূচী প্রণয়ন করা।
2. চিনি, গুড় ও সিরাপ উৎপাদনের লক্ষ্যে অন্যান্য সহযোগী প্রযুক্তি ও কলাকৌশল উদ্ভাবন করা।
3. ইক্ষুভিত্তিক খামার তৈরীর উপর গবেষণা করা এবং উহার অর্থনৈতিক সুবিধাসমূহ চিহ্নিত করা।
4. বিভিন্ন রকম ইক্ষুর জাত সংগ্রহ করে জার্মপ্লাজম ব্যাংক গড়ে তোলা এবং তা রক্ষণাবেক্ষণ করা।
5. সরকারের পূর্বানুমোদনক্রমে বিদেশী ও আন্তর্জাতিক গবেষণা, শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সঙ্গে ইক্ষু বিষয়ক যৌথ কর্মসূচী গ্রহণ করা।
6. ইনস্টিটিউটের গবেষণালব্ধ ফলাফল ও সুপারিশের ভিত্তিতে সাময়িকী ও প্রতিবেদন প্রকাশ করা।
7. সরকারের ইক্ষু নীতি নির্ধারণে সাহায্য করা এবং ইক্ষু সম্পর্কিত যে কোন বিষয়ে সরকার, স্থানীয় কর্তৃপক্ষ বা অন্য যেকোন প্রতিষ্ঠানকে পরামর্শ প্রদান করা।
8. ইক্ষু চাষী, সম্প্রসারণ কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা।

# সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
| বিভিন্ন সুগারক্রপের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ১.১.১ বাস্তবায়িত গবেষণা কর্মসূচী | সংখ্যা | ৫ | ৫ | ৫ | ৬ | ৬ | অর্থ বিভাগ, প্রশাসন বিভাগ, খামার বিভাগ | প্রতিবেদন |

# সেকশন ৩

# কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calcula-tion method) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of performance Indicators) | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target/Criteria Value for FY 2020-21) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সরেজমিন গবেষণা বিভাগ এর কৌশলগত উদ্দেশ্যাবলী** | | | | | | | | | | | | | | | |
| ১. বিভিন্ন সুগারক্রপের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ৭৫ | ১.১ অধিক মিষ্টিযুক্ত, স্বল্পমেয়াদি, লবণাক্ততা, খরা এবং জলমগ্নতা সহিষ্ণু জাত ও প্রযুক্তি উদ্ভাবন | ১.১.১ বাস্তবায়িত গবেষণা কর্মসূচী | সমষ্টি | সংখ্যা | ৭৫ | ৫ | ৫ | ৫ | ৪ | ৩ | ২ | - | ৬ | ৬ |

# মাঠ পর্যায়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০২০-২১

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান -২০২০-২১ (Target Value -2020-21) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডের স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১১ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | - | - | - |
| | | [১.২] শুদ্ধাচার/ উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | - | - | - |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | [২.২] উদ্ভাবনী/ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন | [২.২.১] ন্যুনতম একটি উদ্ভাবনী/ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ চালুকৃত | সংখ্যা | ২ | ১৫-২-২১ | ১৫-৩-২১ | ১৫-৪-২১ | ১৫-৫-২১ | |
| | | [২.৩] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘণ্টা | ২ | ৪০ | ৩০ | ২০ | ১০ | - |
| | | | [২.৩.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘণ্টা | ১ | ৫ | ৪ | - | - | - |
| | | [২.৪] এপিএ বাস্তবায়নে প্রণোদনা প্রদান | [২.৪.১] ন্যুনতম একটি আওতাধীন অফিস/একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রণোদনা | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান -২০২০-২১ (Target Value -2020-21) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | | প্রদানকৃত | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |
| | | [৩.৪] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধ্বতন অফিসে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধ্বতন অফিসে প্রেরিত | তারিখ | ১ | ১৫-১২-২০ | ১৪-০১-২১ | ১৫-২-২১ | - | - |

আমি, প্রধান, সরেজমিন গবেষণা বিভাগ, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট প্রধান, সরেজমিন গবেষণা বিভাগ এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

| | |
|---|---|
| ------------------------------<br>প্রধান, সরেজমিন গবেষণা বিভাগ<br>বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট | 29-09-2020<br>--------------<br>তারিখ |
| ------------------------------<br>মহাপরিচালক<br>বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট | 29/09/2020<br>--------------<br>তারিখ |

**সংযোজনী-১**

## শব্দসংক্ষেপ (Acronyms)

| শব্দ | পূর্ণাঙ্গ অর্থ |
|---|---|
| বিএসএফআইসি | বাংলাদেশ সুগার এন্ড ফুড ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন |
| বিএসআরআই | বাংলাদেশ সুগারক্রপ রিসার্চ ইনস্টিটিউট |
| এসসিএ | সিড সার্টিফিকেশান এজেন্সি |

## সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | কার্যক্রমের বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | প্রমাণকের উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|
| ১ | অধিক মিষ্টিযুক্ত, স্বল্পমেয়াদি, লবণাক্ততা, খরা এবং জলমগ্নতা সহিষ্ণু জাত ও প্রযুক্তি উদ্ভাবন | ১.১.১ বাস্তবায়িত গবেষণা কর্মসূচী | সরেজমিন গবেষণা বিভাগ কর্তৃক প্রণিত ও বাস্তবায়িত গবেষণা কর্মসূচী | সরেজমিন গবেষণা বিভাগ | সনদপত্র, স্বীকারোক্তি, বিবরণী | রেজিস্টার, বিসআরআই এর গবেষণা কর্মসূচী প্রতিবেদন, বিএসআরআই এর বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| প্রযোজ্য নয় | | | | | |